দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 07 APR 1994
পৃষ্ঠা ৭ কলাম ৪

131

## আজ শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির পূর্ণদিবস ধর্মঘট

স্টাফ রিপোর্টার ॥ কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজো কমিটি আজ বৃহস্পতিবার দেশের সকল বেসরকারী মাধ্যমিক স্কুল ও উচ্চ মাধ্যমিক কলেজে পূর্ণদিবস প্রতীক ধর্মঘট ডেকেছে।

বেসরকারী স্কুল-কলেজের শিক্ষকদের জাতীয় বেতন স্কেল প্রদানসহ ১২ দফা দাবিতে এ ধর্মঘট আহ্বান করা হয়েছে। বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি এবং কলেজ কর্মচারী ইউনিয়নের পৃথক পৃথক সংবাদ বিজ্ঞপ্তিতে এই কর্মসূচী সফল করার আহ্বান জানান হয়েছে।